

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহণ পুল ডবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০৮.২০-১১২

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬ ব.  
২৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩১৯৯/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৩১৯৯/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৩১৯৯/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

| রিট পিটিশন নং | পিটিশনার   | রেসপনডেন্ট  | মামলা দায়েরের কারণ/বিষয়   |
|---------------|--|---|---|
| ১৩১৯৯/২০১৯    | জনাব এইচ.এম, বজলুর রহমান, পিতা:-আব্দুল মজিদ হাওলাদার, গ্রাম:- উত্তর কানাইপুর, (সুপার, উত্তর কানাইপুর দারুল আমান দাখিল মাদ্রাসা কালকিনি, মাদারীপুর) | সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, জেলা প্রশাসক মাদারীপুর সহ মোট ৯ (নয়) জন। | মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন উত্তর কানাইপুর দারুল আমান দাখিল মাদ্রাসার সুপার নিয়োগ না হওয়া পর্যন্ত সুপার ব্যতীত অন্যান্য শিক্ষক/কর্মচারীদের বেতন বিলে স্বাক্ষর করার জন্য জেলা শিক্ষা অফিসার, মাদারীপুরকে নির্দেশনা দিয়ে জেলা প্রশাসক, মাদারীপুর এর দপ্তর হতে ০৯/১২/২০১৮ তারিখে ০৫.৪১.৫৪০০.১২১.০৯.০২৯.১৮-৩২৫ নং স্মারকে পত্র জারী করা হয়।<br>উক্ত পত্রটি পূর্ণ:বিবেচনাপূর্বক বেতন ভাতা প্রদানের জন্য সুপার এইচ এম বজলুর রহমান কর্তৃক ১৫/০৭/২০১৯ তারিখে জেলা প্রশাসক, মাদারীপুর বরাবর আবেদন করা হয়।<br>উক্ত আবেদনটি নিষ্পত্তিকরণসহ ০৯/১২/২০১৮ তারিখ হতে বন্ধকৃত বেতন বিলে স্বাক্ষর করার জন্য জেলা শিক্ষা অফিসার, মাদারীপুরকে নির্দেশনা প্রদানের দাবী করে পিটিশনার জনাব এইচ.এম, বজলুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩১৯৯/২০১৯ দায়ের করা হয়। |

০২। উক্ত রিট মামলাটি গত ০১/১২/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি নিষ্পন্ন করে পিটিশনার এর ০৯/১২/২০১৮ তারিখ হতে বন্ধকৃত বেতন বিলে স্বাক্ষর করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; এবং পিটিশনার কর্তৃক ১৫/০৭/২০১৯ তারিখে (Annexure-F মুলে) জেলা প্রশাসক, মাদারীপুর বরাবর দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সেমর্মে ২২/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। মামলাটি বেতন বিলে প্রতিস্বাক্ষরকরণ এবং জেলা প্রশাসক, মাদারীপুর সংশ্লিষ্ট বিধায় আলোচ্য মামলার বিষয়ে জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করণসহ মহামান্য হাইকোর্টে জবাব দাখিল করা আবশ্যিক।

০৩। সে মতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক মামলার জবাব (Affidavit in opposition) দাখিলক্রমে আগামী ১০.০৩.২০ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে রিট পিটিশন নং- ১৩১৯৯/২০১৯ মামলার ০১/১২/২০১৯ তারিখের আদেশ তথা পিটিশনার কর্তৃক ১৫/০৭/২০১৯ তারিখে (Annexure-F মুলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির বিষয়ে ইতোমধ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সরকার পক্ষে মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে তথ্যাদি আগামী ১০.০৩.২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ২৬/০২/২০২০  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

জেলা প্রশাসক  
মাদারীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। অফিস কপি/মাস্টার কপি।